

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৩০ এপ্রিল, ২০১৮ ইংরেজি।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী।

হতে : পরিচালক।

বিষয় : আর্থিক অনিয়মের কারণে সাময়িক চাকুরিচ্যুত হলে ৫০% বেতন না পাওয়া এবং তদন্ত প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সমদুয় খরচ সংশ্লিষ্ট কর্মী থেকে সমন্বয় করা প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

সংস্থার আর্থিক শৃংখলা আরো গতিশীল করার লক্ষ্যে ব্যবস্থাপনা নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. আর্থিক অনিয়মের কারণে কোন কর্মী সাময়িক চাকুরিচ্যুত হলে চাকুরিচ্যুতির তারিখ থেকে তিনি সংস্থা থেকে কোন বেতন এবং অন্যান্য আর্থিক সুযোগ সুবিধা পাবেন না।
২. চাকুরিচ্যুত কর্মীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণের জন্য তদন্ত কমিটি কর্তৃক ইনভেস্টিগেশনের জন্য যে খরচ হবে তার সম্পূর্ণ খরচ সংশ্লিষ্ট কর্মী থেকে আদায়/সমন্বয় করা হবে।
৩. তদন্ত কালীন সময়ে তদন্ত কমিটির কাজে সংশ্লিষ্ট কর্মীকে সার্বিক সহযোগিতা করতে হবে। কেউ যদি তা না করেন তাহলে তিনি চূড়ান্ত বরখাস্তকরণ প্রক্রিয়ার আওতায় আসবেন।
৪. আর্থিক অনিয়ম প্রমাণিত হলে সংস্থা সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে তাৎক্ষণিক আইনী প্রক্রিয়া গ্রহণ করতে পারে (যেমন পুলিশে সোপর্দ করা বা মামলা করা)।
৫. আর্থিক অনিয়ম প্রমাণিত না হলে তাকে যথারীতি সম্পূর্ণ বেতন প্রদান করা হবে এবং তিনি পুনরায় সংস্থার অন্যান্য সুযোগসুবিধা আওতায় আসবেন।
৬. এ সাকুলারটি পরবর্তী দুটি সভায় আলোচনা করতে হবে এবং সকলের স্বাক্ষর নিশ্চিত করতে হবে। এটি পরবর্তীতে সংস্থার মানব সম্পদ নীতিমালার অন্তর্ভুক্ত হবে।
৭. এটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন বা এর কোন অস্পষ্টতা থাকলে আগামী ২০ মে, ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য অনুরোধ করা হলো।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোমিক

30.04.2018

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস কপি।